দৈনিক বাংলা

014

তারিখ 11/11/78
পৃষ্ঠা 5 কলাম 4

## প্রাথমিক শিক্ষকদের গ্রেড

নতুন জাতীয় বেতন স্কেলে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চারটি ভিন্ন গ্রেডে ফেলা হয়েছে। যারা ম্যাট্রিক ট্রেইন্ড এবং প্রধান শিক্ষক তারা পেয়েছেন ১৭ নং গ্রেড। যেসব ট্রেইন্ড শিক্ষক সহকারী শিক্ষক হিসেবে কাজ করছেন তারা পাচ্ছেন ১৮ নং গ্রেড। আর যেসব শিক্ষকের শিক্ষাগত যোগ্যতা ম্যাট্রিক তারা পেয়েছেন ১৯ নং গ্রেড ও নন ম্যাট্রিক নন ট্রেইন্ড শিক্ষকদের দেয়া হয়েছে ২০ নং গ্রেড।

সম্প্রতি যেসব সহকারী শিক্ষক ম্যাট্রিক ট্রেইন্ড তাদের ১৭ নং গ্রেডে উন্নীত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এটি একটি শুভ পদক্ষেপ সন্দেহ নেই।

অথচ যেসব শিক্ষক ১৯ নং এবং ২০ নং গ্রেডে রয়েছেন তাদের গ্রেড উন্নয়নের কোন ব্যবস্থা সরকারীভাবে নেয়া হয়নি।

স্পষ্টতই এটি স্বাভাবিক ন্যায় বিচারের পরিপন্থী।

(৩-এর পৃঃ দ্রঃ)

(৩-এর পৃঃ পর)

কাজেই আশা করবো সরকার শিক্ষাঙ্গনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা এবং শিক্ষকদের অর্থনৈতিক সুবিধা এবং মর্যাদাদানের জন্যে যারা ১৯ নং গ্রেডে রয়েছেন তাদের ১৮ নং গ্রেডে এবং যারা ২০ নং গ্রেডে রয়েছেন তাদের ১৯ নং গ্রেডে উন্নীত করে শিক্ষকদের প্রশংসাভাজন হবেন।

—অনেক শিক্ষক